নিউ ইয়র্ক পুনরায় খুলছে

NEW YORK STATE

নিয়োগকর্তা ও কর্মচারীদের জন্য দন্ত চিকিৎসা সংক্রান্ত নির্দেশিকা

এই নির্দেশিকাগুলি রাজ্যব্যাপী জরুরী এবং অনাবশ্যক/ইলেক্টিভ কেয়ার সহ সকল দন্ত পরিচর্যা ক্রিয়াকলাপের ক্ষেত্রে প্রযোজ্য। দন্ত সংক্রান্ত স্বাস্থ্য পরিচর্যার কর্মীদের (DHCP) রেফারেন্সের মধ্যে রয়েছে দন্ত চিকিৎসক, ডেন্টাল হাইজিনিস্ট, ডেন্টাল অ্যাসিস্ট্যান্ট, ডেন্টাল ল্যাবরেটরি টেকনিশিয়ান, ছাত্র এবং প্রশিক্ষণার্থী, চুক্তিভিত্তিক কর্মচারীগণ, এবং অন্যান্য ব্যক্তিরা যারা সরাসরি রোগীর পরিচর্যার সাথে জড়িত নন, কিন্তু যাদের সংক্রামক এজেন্টের সংস্পর্শে আসার সম্ভাবনা থাকে, CDC নির্দেশিকা অনুযায়ী।

COVID-19 জনস্বাস্থ্যের জরুরী অবস্থার সময়, সকল দন্ত পরিচর্যা সম্পর্কিত ফেসিলিটির মালিক/ম্যানেজারদের রাজ্য এবং ফেডারাল প্রয়োজনীয়তার যে কোনো পরিবর্তনের সাথে হালনাগাদ থাকতে হবে এবং এই পরিবর্তনগুলো তাদের ক্রিয়াকলাপে অন্তর্ভুক্ত করতে হবে। কোনো বিদ্যমান প্রযোজ্য স্থানীয়, রাজ্য, এবং ফেডারাল আইন, নিয়মকানুন এবং মান প্রতিস্থাপন করা এই নির্দেশিকার উদ্দেশ্য নয়।

শারীরিক দূরত্ব

অত্যাবশ্যক

- ✓ কর্মীদের মধ্যে 6 ফুটের ব্যবধান নিশ্চিত করতে হবে, যদি না সুরক্ষা বা মূল কার্যকলাপের (যেমন, অ্যাসেম্বলি লাইন) জন্য আরো কম ব্যবধানের প্রয়োজন হয়।
- ✓ প্রয়োজন অনুযায়ী যে কোনো অপেক্ষার স্থানের বসার জায়গায় বিধিনিষেধ জারি করুন, যাতে, ব্যাক্তিদের মধ্যে প্রত্যেক দিকে 6 ফুটের ব্যবধান বজায় রাখা যায় (যেমন, চেয়ারগুলির মধ্যে দূরত্ব বাড়ানো, একটা চেয়ার ছেড়ে ছেড়ে বসা)।
- ✓ রেস্টরুম ও ব্রেকরুমের মত ছোট জায়গাগুলিতে সুষ্ঠ সামাজিক দূরত্ব বজায় রাখার জন্য যথাযথ সাইনেজ এবং সিস্টেমের (যেমন, দখল করা থাকলে তার চিহ্নিতকরন) মাধ্যমে দখল করা সীমিত করুন।
- ✓ অত্যাবশ্যক নয় এমন জনসমাগম (যেমন মিটিং) যতটা সম্ভব সীমিত করুন।

সুপারিশকৃত সর্বোত্তম চর্চা

- ✓ CDC নির্দেশিকা অনুযায়ী নিম্নলিখিত দাঁতের কার্যকলাপ অনুশীলন করুন
  - নিশ্চিত করুন যে সমস্ত অব্যবহৃত ডেন্টাল যন্ত্রপাতিগুলি সঠিকভাবে ঢাকা এবং সঞ্চিত রয়েছে (যেমন আলমারি, ড্রয়ার, ক্যাবিনেট)।
  - এমনভাবে রোগীর ঘর স্থাপন করুন যেখানে কেবল প্রয়োজনীয় জীবাণুমুক্ত সরঞ্জাম উপলভ্য হবে। যে কোনো সরবরাহ বা সরঞ্জাম যা উন্মুক্ত কিন্তু ব্যবহার করা হয়নি, তাকে কলুষিত বলে ধরে নিতে হবে।
  - যখনই সম্ভব এরোসল উৎপাদনকারী প্রক্রিয়া সীমিত বা এড়ানোর চেষ্টা করুন (যেমন ডেন্টাল হ্যান্ডপিস, এয়ার/ওয়াটার সিরিঞ্জ, আল্ট্রাসনিক স্কেলার এড়িয়ে চলুন) এবং হাতের যন্ত্রপাতি এবং ন্যূনতম আক্রমণাত্মক/মর্মান্তিক পুনরুদ্ধার কৌশলগুলিকে অগ্রাধিকার দিন। যদি এরোসল উৎপাদনকারী প্রক্রিয়ার প্রয়োজন হয়, এক্সপোজার কমাতে সতর্কতা অবলম্বন করুন (উদাহরণস্বরূপ চার হাত দন্ত চিকিৎসা, উচ্চ ইভ্যাকুইয়েশন সাকশন, ডেন্টাল ড্যাম, এবং প্রক্রিয়া সহায়তার জন্য সীমিত কর্মী)।
  - পরিষ্কার থেকে কলুষিত স্থানে পর্যাপ্ত বাতাসের আসা-যাওয়ার জন্য যথাযথ বায়ু-চলাচল ব্যবস্থা বজায় রাখুন, HVAC সেটাপ ও যথাযথ বায়ুপরিশোধন সম্পর্কিত অতিরিক্ত তথ্যের জন্য CDC-এর নির্দেশিকা এবং OSHA-এর সুপারিশ অনুসরণ করুন।
- ✓ যখনই সম্ভব, দাঁতের পরিচর্যা এত সংখ্যক রোগীদের পর্যন্ত সীমিত রাখুন, যাদের যথাসম্ভব নিরাপদে যথাযথ দূরত্বে চিকিৎসা করা যাবে।
- ✓ সাধারণত ব্যবহৃত সাইটে এবং অন্যান্য প্রযোজ্য স্থানের ক্ষেত্রে (যেমন হেলথ স্ক্রিনিং স্টেশন, ব্রেকরুম, চেক-ইন-এলাকা) 6 ফুটের ব্যবধান নির্দিষ্ট করে সামাজিক দূরত্বের মার্কার পোস্ট করুন।
- ✓ রোগীদের পরামর্শ দিন যাতে তারা ডেন্টাল অ্যাপয়েন্টমেন্টে তাদের সাথে আসা দর্শনার্থীদের সংখ্যা যতটা সম্ভব সীমিত করেন।
- ✓ দর্শনার্থীদের তাদের নির্দিষ্ট সাক্ষাৎকারের সময় না আসা পর্যন্ত বাইরে বা যানবাহনে অপেক্ষা করতে উৎসাহিত করুন।

নিউ ইয়র্ক পুনরায় খুলছে

নিয়োগকর্তা ও কর্মচারীদের জন্য দন্ত চিকিৎসা সংক্রান্ত নির্দেশিকা

এই নির্দেশিকাগুলি রাজ্যব্যাপী জরুরী এবং অনাবশ্যক/ইলেক্টিভ কেয়ার সহ সকল দন্ত পরিচর্যা ক্রিয়াকলাপের ক্ষেত্রে প্রযোজ্য। দন্ত সংক্রান্ত স্বাস্থ্য পরিচর্যার কর্মীদের (DHCP) রেফারেন্সের মধ্যে রয়েছে দন্ত চিকিৎসক, ডেন্টাল হাইজিনিস্ট, ডেন্টাল অ্যাসিস্ট্যান্ট, ডেন্টাল ল্যাবরেটরি টেকনিশিয়ান, ছাত্র এবং প্রশিক্ষণার্থী, চুক্তিভিত্তিক কর্মচারীগণ, এবং অন্যান্য ব্যক্তিরা যারা সরাসরি রোগীর পরিচর্যার সাথে জড়িত নন, কিন্তু যাদের সংক্রামক এজেন্টের সংস্পর্শে আসার সম্ভাবনা থাকে, CDC নির্দেশিকা অনুযায়ী।

COVID-19 জনস্বাস্থ্যের জরুরী অবস্থার সময়, সকল দন্ত পরিচর্যা সম্পর্কিত ফেসিলিটির মালিক/ম্যানেজারদের রাজ্য এবং ফেডারাল প্রয়োজনীয়তার যে কোনো পরিবর্তনের সাথে হালনাগাদ থাকতে হবে এবং এই পরিবর্তনগুলো তাদের ক্রিয়াকলাপে অন্তর্ভুক্ত করতে হবে। কোনো বিদ্যমান প্রযোজ্য স্থানীয়, রাজ্য, এবং ফেডারাল আইন, নিয়মকানুন এবং মান প্রতিস্থাপন করা এই নির্দেশিকার উদ্দেশ্য নয়।

	অত্যাবশ্যক	সুপারিশকৃত সর্বোত্তম চর্চা
শারীরিক দূরত্ব (চলছে)		✓ প্রতিষ্ঠানে ব্যক্তিবিষেশের সংখ্যা কমিয়ে আনার জন্য একসময়ে থাকা অ্যাপয়েন্টমেন্টের সংখ্যা যতটা সম্ভব কমিয়ে আনুন। ✓ CDC-র নির্দেশিকা এবং OSHA-র সুপারিশ অনুযায়ী অফিসের মধ্যে সম্ভাব্য পরিচর্যা কমানোর উদ্দেশ্যে অনাবশ্যক আলোচনার জন্য যেখানে সম্ভব টেলি-ডেন্টিস্ট্রি-র বিকল্পগুলি বেছে নিন।
প্রতিরক্ষামূলক সরঞ্জাম	✓ নিশ্চিত করুন যে রোগী এবং তার সঙ্গী দর্শনার্থীরা ডেন্টিস্ট্রী প্রক্রিয়ার মধ্যে দিয়ে যাওয়ার সময় ছাড়া প্রতিষ্ঠানে থাকাকালীন (লিফট, লবি এবং অপেক্ষার স্থান সহ) সব সময় মুখের আবরণ পরিধান করেন। গ্রহণযোগ্য আবরণের মধ্যে রয়েছে, ন্যূনতমভাবে, কাপড়ের মুখের আবরণ বা সার্জিকাল মাস্ক, যা দিয়ে নাক এবং মুখ সুরক্ষিত ভাবে ঢেকে রাখা যায়। ✓ যথেষ্ট পরিমানে প্রয়োজনীয় PPE উপলব্ধ রাখুন এবং কর্মীদের বিনামূল্যে গ্রহণযোগ্য ও যথাযথ PPE সরবরাহ করুন। ✓ DHCP-দের রোগীদের পরিচর্যা করার সময় OSHA-র মান অনুযায়ী যথাযথ PPE পরতে হবে, যার মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে সার্জিকাল মাস্ক, চোখের সুরক্ষা, গ্লাভস এবং প্রতিরক্ষামূলক পোশাক, যখন কোনো দাঁতের প্রক্রিয়া সম্পন্ন করা হয় যা এরোসল উৎপাদন করে না। • এরোসল উৎপাদনকারী প্রক্রিয়াগুলির জন্য প্রদানকারীদের ফিট-টেস্ট করা, ন্যাশনাল ইন্সটিটিউট ফর অকুপেশনাল সেফটি অ্যান্ড হেলথ (National Institute for Occupational Safety and Health, NIOSH) দ্বারা অনুমোদন করা নিষ্পত্তিযোগ্য N95 বা আরো উঁচু দরের রেসপিরেটর, চোখের সুরক্ষা (যেমন চশমা, ফেস শীল্ড) গ্লাভস, এবং গাউন পরতে হবে। ✓ DHCP রোগীদের দেখার আগে এবং পরে PPE অপসারণ এবং প্রতিস্থাপনের জন্য নীতি প্রতিষ্ঠা করুন। DHCPকে অবশ্যই CDC-র সুপারিশ মেনে চলতে হবে এবং PPE পরা ও খোলার জন্য অবশ্যই CDC-র সুপারিশ মেনে চলতে হবে। উদাহরণস্বরূপ, যখন সম্ভবত দূষিত PPE, যেমন ফেস মাস্ক বা N95 রেসপিরেটর খোলার সময় গ্লাভস ছাড়া মাস্কের বাইরের অংশ স্পর্শ করবেন না। PPE ব্যবহারের আগে এবং পরে সব সময় হাতের পরিচ্ছন্নতা সম্পাদন করুন। ✓ যে সব কর্মীদের রোগীর পরিচর্যার সাথে যুক্ত নন, যেমন, করণিক কর্ম সংক্রান্ত কর্মীরা, তাদেরও যথাযথ মুখের আবরণ পরতে হবে সব সময়ে।	✓ রোগী এবং দর্শনার্থীদের যথাযথ মুখের আবরণ পরার জন্য আগাম উপদেশ দিন। ✓ যদি রোগীরা যথাযথ মুখের আবরণ ছাড়াই দাঁতের প্রতিষ্ঠানে আসেন, তাহলে তাদের যথাযথ মুখের আবরণ সরবরাহ করুন, অথবা তাদের পুনরায় সাক্ষাতের সময় নির্ধারণ করে মুখের আবরণ পরে আবার আসতে বলুন। ✓ রোগীদের মনে করিয়ে দিন যে ফেসিলিটিতে শেয়ার করা স্থানগুলিতে (যেমন, লবি, করিডোর, লিফট) প্রবেশ/প্রস্থান করার আগে যথাযথ মুখের আবরণ পরতে হবে। ✓ স্পর্শহীন যন্ত্রপাতি ইনস্টল করুন, যেমন যোগাযোগবিহীন সাবান/তোয়ালে ডিসপেনসার এবং যোগাযোগবিহীন আবর্জনার পাত্র।

নিউ ইয়র্ক পুনরায় খুলছে

NEW YORK STATE

নিয়োগকর্তা ও কর্মচারীদের জন্য দন্ত চিকিৎসা সংক্রান্ত নির্দেশিকা

এই নির্দেশিকাগুলি রাজ্যব্যাপী জরুরী এবং অনাবশ্যক/ইলেক্টিভ কেয়ার সহ সকল দন্ত পরিচর্যা ক্রিয়াকলাপের ক্ষেত্রে প্রযোজ্য। দন্ত সংক্রান্ত স্বাস্থ্য পরিচর্যার কর্মীদের (DHCP) রেফারেন্সের মধ্যে রয়েছে দন্ত চিকিৎসক, ডেন্টাল হাইজিনিস্ট, ডেন্টাল অ্যাসিস্ট্যান্ট, ডেন্টাল ল্যাবরেটরি টেকনিশিয়ান, ছাত্র এবং প্রশিক্ষণার্থী, চুক্তিভিত্তিক কর্মচারীগণ, এবং অন্যান্য ব্যক্তিরা যারা সরাসরি রোগীর পরিচর্যার সাথে জড়িত নন, কিন্তু যাদের সংক্রামক এজেন্টের সংস্পর্শে আসার সম্ভাবনা থাকে, CDC নির্দেশিকা অনুযায়ী।

COVID-19 জনস্বাস্থ্যের জরুরী অবস্থার সময়, সকল দন্ত পরিচর্যা সম্পর্কিত ফেসিলিটির মালিক/ম্যানেজারদের রাজ্য এবং ফেডারাল প্রয়োজনীয়তার যে কোনো পরিবর্তনের সাথে হালনাগাদ থাকতে হবে এবং এই পরিবর্তনগুলো তাদের ক্রিয়াকলাপে অন্তর্ভুক্ত করতে হবে। কোনো বিদ্যমান প্রযোজ্য স্থানীয়, রাজ্য, এবং ফেডারাল আইন, নিয়মকানুন এবং মান প্রতিস্থাপন করা এই নির্দেশিকার উদ্দেশ্য নয়।

	অত্যাবশ্যক	সুপারিশকৃত সর্বোত্তম চর্চা
স্বাস্থ্যবিধি, পরিষ্কার করা, এবং জীবাণুমুক্তকরণ	✓ রোগ নিয়ন্ত্রণ এবং প্রতিরোধ কেন্দ্র (Centers for Disease Control and Prevention, CDC) এবং স্বাস্থ্য দপ্তর (Department of Health, DOH) এর দেওয়া স্বাস্থ্যবিধি এবং জীবাণুমুক্তকরণের আবশ্যকতাগুলি মেনে চলুন এবং সাইটে পরিস্কার করার লগ বজায় রাখুন যাতে তারিখ, সময়, এবং পরিস্কার করার ব্যাপ্তি নথিবদ্ধ করা থাকে। ✓ DHCP-কে দাঁতের প্রক্রিয়াকরণ শেষ হওয়ার পর পৃষ্ঠতল পরিষ্কার ও জীবাণুমুক্ত করার আগে অন্তত 15 মিনিট অপেক্ষা করতে হবে যাতে সম্ভাব্য সংক্রামক ফোঁটাগুলো বাতাস থেকে যথেষ্ট পরিমাণে পড়ে যায় এবং CDC গাইডেন্স অন জেনারেশন অ্যান্ড বিহেভিওর অফ এয়ারবোর্ন পার্টিকল্স অনুসরণ করে পৃষ্ঠতল পরিষ্কার ও জীবাণুমুক্ত করতে হবে। ✓ যেসব কর্মীরা যন্ত্রপাতি পরিষ্কার করেন, তাদের অন্তত গ্লাভস, সার্জিকাল মাস্ক, এবং চশমা অথবা ফেস শীল্ডের মত চোখের সুরক্ষা পরতে হবে। ✓ সাইটে হাতের স্বাস্থ্যবিধি পালনের নির্দিষ্ট স্টেশন স্থাপন করুন এবং রক্ষণাবেক্ষণ করুন, সাবান, জল, এবং কাগজের তোয়ালে সহ হাত ধোয়া, সেই সাথে যে অঞ্চলে হাত ধোয়া সম্ভব নয় সেখানে একটি 60% বা তার বেশি অ্যালকোহল যুক্ত অ্যালকোহল-ভিত্তিক হ্যান্ড স্যানিটাইজার সরবরাহ করুন। ✓ সাইটের সাধারণ এলাকা জুড়ে হ্যান্ড স্যানিটাইজার উপলব্ধ করুন। এটা সুবিধাজনক জায়গায় রাখা উচিত, যেমন প্রবেশদ্বার, প্রস্থান দ্বার, অপেক্ষার এলাকাগুলিতে। যেখানে সম্ভব স্পর্শবিহীন হ্যান্ড স্যানিটাইজার ডিসপেনসার স্থাপিত করা উচিত। ✓ নিয়মিতভাবে ফেসিলিটি এবং বিশ্রাম কক্ষের পরিষ্কার এবং জীবাণুমুক্ত করুন এবং অনেকের দ্বারা ব্যবহৃত উচ্চ ঝুঁকি সম্পন্ন স্থানগুলিকে আরও নিয়মিত পরিষ্কার এবং জীবানুমুক্ত করুন। ✓ নিশ্চিত করুন যে সরঞ্জাম এবং যন্ত্রপাতি হাসপাতাল গ্রেডের জীবাণুনাশক ব্যবহার করে নিয়মিত জীবাণুমুক্ত করা হচ্ছে। OSHA-এর সুপারিশসমূহ দেখুন, EPA দ্বারা COVID-19-এর বিরুদ্ধে কার্যকর হিসেবে শনাক্ত হওয়া নিউইয়র্ক স্টেটের পরিবেশ সংরক্ষণ দপ্তরের (Department of Environmental Conservation, DEC) নিবন্ধিত পণ্যগুলোর তালিকা, যা EPA দ্বারা সনাক্তকৃত, সেগুলি দেখুন।	✓ যে কোনো ঘন ঘন স্পর্শ করা বস্তু অপসারণ করুন যা নিয়মিত পরিষ্কার এবং জীবাণুমুক্ত করা যাবে না (যেমন খেলনা, ম্যাগাজিন, কলম)। ✓ হ্যান্ড স্যানিটাইজার স্টেশনের কাছে সাইনেজ যা নির্দেশ করে যে দৃশ্যমানভাবে ময়লা হাত সাবান এবং জল দিয়ে ধুয়ে ফেলা উচিত; হ্যান্ড স্যানিটাইজার দৃশ্যমানভাবে ময়লা হাতে কার্যকর নয়।

নিউ ইয়র্ক পুনরায় খুলছে

NEW YORK STATE

নিয়োগকর্তা ও কর্মচারীদের জন্য দন্ত চিকিৎসা সংক্রান্ত নির্দেশিকা

এই নির্দেশিকাগুলি রাজ্যব্যাপী জরুরী এবং অনাবশ্যক/ইলেক্টিভ কেয়ার সহ সকল দন্ত পরিচর্যা ক্রিয়াকলাপের ক্ষেত্রে প্রযোজ্য। দন্ত সংক্রান্ত স্বাস্থ্য পরিচর্যার কর্মীদের (DHCP) রেফারেন্সের মধ্যে রয়েছে দন্ত চিকিৎসক, ডেন্টাল হাইজিনিস্ট, ডেন্টাল অ্যাসিস্ট্যান্ট, ডেন্টাল ল্যাবরেটরি টেকনিশিয়ান, ছাত্র এবং প্রশিক্ষণার্থী, চুক্তিভিত্তিক কর্মচারীগণ, এবং অন্যান্য ব্যক্তিরা যারা সরাসরি রোগীর পরিচর্যার সাথে জড়িত নন, কিন্তু যাদের সংক্রামক এজেন্টের সংস্পর্শে আসার সম্ভাবনা থাকে, CDC নির্দেশিকা অনুযায়ী।

COVID-19 জনস্বাস্থ্যের জরুরী অবস্থার সময়, সকল দন্ত পরিচর্যা সম্পর্কিত ফেসিলিটির মালিক/ম্যানেজারদের রাজ্য এবং ফেডারাল প্রয়োজনীয়তার যে কোনো পরিবর্তনের সাথে হালনাগাদ থাকতে হবে এবং এই পরিবর্তনগুলো তাদের ক্রিয়াকলাপে অন্তর্ভুক্ত করতে হবে। কোনো বিদ্যমান প্রযোজ্য স্থানীয়, রাজ্য, এবং ফেডারাল আইন, নিয়মকানুন এবং মান প্রতিস্থাপন করা এই নির্দেশিকার উদ্দেশ্য নয়।

	অত্যাবশ্যক	সুপারিশকৃত সর্বোত্তম চর্চা
স্বাস্থ্যবিধি, পরিষ্কার করা, ও জীবানুমুক্তকরণ (চলছে)	✓ একজন ব্যক্তির COVID-19 আক্রান্ত হওয়ার ঘটনা ধরা পরলে অবশ্যই তাদের দ্বারা ব্যবহৃত এলাকা পরিষ্কারের এবং জীবাণুমুক্ত করার ব্যবস্থা করতে হবে, এবং সেই পরিষ্কার করা এবং জীবাণুমুক্তকরণে অন্তত সকল অধিক যাতায়াতের এলাকা এবং বেশি স্পর্শ করা পৃষ্ঠতলগুলি (যেমন লিফট, অপেক্ষা করার এলাকাগুলি, প্রবেশ দ্বার, ব্যাজ স্ক্যানার, বিশ্রাম কক্ষ, বিশ্রাম কক্ষের রেলিং, দরজার হাতল) অন্তর্ভুক্ত হতে হবে। ✓ PPE সহ ময়লা সামগ্রী নিষ্পত্তির পাত্র ডেন্টাল ফেসিলিটির চারপাশে স্থাপন করে রাখুন। ✓ ভাগ করে নেওয়া খাদ্য এবং পানীয়ের ব্যবহার বন্ধ করুন, বাড়ি থেকে দুপুরের খাবার নিয়ে আসতে উৎসাহিত করুন, এবং কর্মীদের খাবার সময় সামাজিক দূরত্ব বজায় রাখার জন্য পর্যাপ্ত জায়গা বরাদ্দ করুন।	
যোগাযোগ	✓ নিশ্চিত করুন যে আপনি স্টেটের-ইস্যু করা শিল্পের নির্দেশিকাটি পর্যালোচনা করেছেন এবং বুঝেছেন, এবং এটিও নিশ্চিত করুন যে আপনি সেগুলি কার্যকর করবেন। ✓ পুনরায় খোলা বা কর্মপরিধি বাড়ানোর আগে সকল কর্মীদের নতুন অনুশীলন এবং দায়িত্ব সম্পর্কে অবগত করার জন্য একটি প্রশিক্ষণ পরিকল্পনা তৈরি করুন। ✓ ডেন্টাল প্রতিষ্ঠান জুড়ে DOH COVID-19 সাইনেজের সাথে সামঞ্জস্যপূর্ণ সাইনেজ লাগান, যা ব্যক্তিবিশেষকে সামাজিক দূরত্ব বজায় রাখা, যথাযথ মুখের আবরণ পরা, হাতের সাস্থ্যবিধি এবং কাশার শিষ্টাচার অনুসরণ করা, এবং COVID-19-এর উপসর্গ থাকলে তা রিপোর্ট করার কথা মনে করিয়ে দেবে। ✓ কোনো DHCP তার প্রতিষ্ঠানে COVID-19 পরীক্ষায় পসিটিভ হওয়ার কথা জানালে তৎক্ষণাৎ রাজ্য এবং স্থানীয় সাস্থ্য বিভাগগুলিকে অবহিত করুন। ✓ রাজ্য ও স্থানীয় স্বাস্থ্য দপ্তরের কন্ট্যাক্ট ট্রেসিং-এর উদ্যগগুলির সাথে সহযোগিতাগিতা করুন। ✓ কর্মস্থানের প্রাঙ্গনে স্পষ্টভাবে সম্পূর্ণ করা সুরক্ষার পরিকল্পনাগুলি পোস্ট করুন।	✓ নতুন COVID-19 সংক্রান্ত পদক্ষেপগুলি এবং অনুশীলন সম্পর্কে জানানোর একটি মাধ্যম হিসেবে ওয়েবপৃষ্ঠা, টেক্সট এবং ইমেইল গ্রুপ এবং সোশাল মিডিয়া উন্নয়ন করার কথা বিবেচনা করুন। ✓ একটি যোগাযোগ পরিকল্পনা গড়ে তুলুন, যার অন্তর্গত থাকবে প্রযোজ্য নির্দেশিকা, প্রশিক্ষণ, সাইনেজ, এবং ব্যক্তিদের হালনাগাদকৃত তথ্য দেওয়ার জন্য একটি উপযুক্ত উপায়।

নিউ ইয়র্ক পুনরায় খুলছে

NEW YORK STATE

নিয়োগকর্তা ও কর্মচারীদের জন্য দন্ত চিকিৎসা সংক্রান্ত নির্দেশিকা

এই নির্দেশিকাগুলি রাজ্যব্যাপী জরুরী এবং অনাবশ্যক/ইলেক্টিভ কেয়ার সহ সকল দন্ত পরিচর্যা ক্রিয়াকলাপের ক্ষেত্রে প্রযোজ্য। দন্ত সংক্রান্ত স্বাস্থ্য পরিচর্যার কর্মীদের (DHCP) রেফারেন্সের মধ্যে রয়েছে দন্ত চিকিৎসক, ডেন্টাল হাইজিনিস্ট, ডেন্টাল অ্যাসিস্ট্যান্ট, ডেন্টাল ল্যাবরেটরি টেকনিশিয়ান, ছাত্র এবং প্রশিক্ষণার্থী, চুক্তিভিত্তিক কর্মচারীগণ, এবং অন্যান্য ব্যক্তিরা যারা সরাসরি রোগীর পরিচর্যার সাথে জড়িত নন, কিন্তু যাদের সংক্রামক এজেন্টের সংস্পর্শে আসার সম্ভাবনা থাকে, CDC নির্দেশিকা অনুযায়ী।

COVID-19 জনস্বাস্থ্যের জরুরী অবস্থার সময়, সকল দন্ত পরিচর্যা সম্পর্কিত ফেসিলিটির মালিক/ম্যানেজারদের রাজ্য এবং ফেডারাল প্রয়োজনীয়তার যে কোনো পরিবর্তনের সাথে হালনাগাদ থাকতে হবে এবং এই পরিবর্তনগুলো তাদের ক্রিয়াকলাপে অন্তর্ভুক্ত করতে হবে। কোনো বিদ্যমান প্রযোজ্য স্থানীয়, রাজ্য, এবং ফেডারাল আইন, নিয়মকানুন এবং মান প্রতিস্থাপন করা এই নির্দেশিকার উদ্দেশ্য নয়।

স্ক্রিনিং

অত্যাবশ্যক

- যেসব DHCP-দের কর্মক্ষেত্রে আসার পর উপসর্গ দেখা দেবে বা যারা দিন চলাকালীন অসুস্থ হয়ে পরবেন, তাদের অবিলম্বে বাড়ি পাঠাতে হবে।
- বাধ্যতামূলক স্বাস্থ্য স্ক্রিনিং অনুশীলন (যেমন, প্রশ্নপত্র পূরণ, তাপমাত্রা যাচাই) বাস্তবায়ন করুন DHCP, রোগী এবং দর্শনার্থীদের জন্য এগুলি জিজ্ঞাসা করে (1) গত 14 দিনে COVID-19 উপসর্গ (2) গত 14 দিনে ইতিবাচক COVID-19 পরীক্ষা, এবং/অথবা (3) গত 14 দিনে COVID-19 হওয়া বা সন্দেহভাজন কারো সাথে ঘনিষ্ট বা নিকট সংস্পর্শে আসার দৃষ্টান্ত।
- অবিলম্বে নিশ্চিত পসিটিভ কেস সম্পর্কে রাজ্য ও স্থানীয় স্বাস্থ্য বিভাগগুলিকে অবগত করুন, এবং সেই ব্যক্তিকে স্বাস্থ্য পরিচর্যা এবং পরীক্ষা সংক্রান্ত সংস্থান সম্পর্কে তথ্য প্রদান করুন।
- স্ক্রিনিং প্রক্রিয়া দ্বারা সংগৃহীত সমস্ত উত্তরগুলি প্রতিদিন পর্যালোচনা করুন এবং সেই পর্যালোচনার একটি রেকর্ড বজায় রাখুন। কর্মীরা পরে COVID-19 সংক্রান্ত উপসর্গগুলি অনুভব করলে তাদের সম্পর্কে জানানোর জন্য যোগাযোগ করার উদ্দেশ্যে একটি পরিচিতিকে নির্দিষ্ট করতে হবে, যেমন প্রশ্নাবলীতে উল্লিখিত আছে।

সুপারিশকৃত সর্বোত্তম চর্চা

- স্ক্রিনিং-এ COVID-19 উপসর্গ পজিটিভ পাওয়া ব্যক্তিদের দাঁতের পরিচর্যা সম্ভব হলে বিলম্বিত করা উচিত যদি সেই রোগীর জরুরী দন্ত পরিচর্যার প্রয়োজন না থাকে। যদি জরুরী দাঁতের পরিচর্যার প্রয়োজন হয়, তাহলে CDC-র অন্তর্বর্তীকালীন সংক্রমণ প্রতিরোধ এবং নিয়ন্ত্রণ সংক্রান্ত সুপারিশ মেনে চলুন অথবা এমন একটি ফেসিলিটির কাছে রেফার করতে হবে যাদের কাছে সেই রোগীর দেখাশোনার জন্য যথাযথ প্রযুক্তিগত নিয়ন্ত্রণ আছে।
- দায়বদ্ধ পক্ষগুলিকে অবশ্যই যোগাযোগের একটি কেন্দ্রীয় বিন্দু নির্ধারণ করতে হবে, যা কার্যকলাপ, অবস্থান, শিফট বা দিন বিশেষে পরিবর্তিত হতে পারে, যা সকল কর্মচারীর প্রশ্নপত্র গ্রহণ এবং যাচাই করার জন্য দায়ী, সেই পরিচিতকে নির্দিষ্ট করতে হবে যাতে কর্মীরা পরে COVID-19 সংক্রান্ত উপসর্গগুলি অনুভব করলে তাদের সম্পর্কে জানানোর জন্য সেই পরিচিতির সাথে যোগাযোগ করতে পারে।
- যথাযথ PPE পরিধান করে বা স্পর্শহীন উপায়ে সম্পন্ন করা ডেলিভারিগুলি ছাড়া, অন্যদের নিকট বা ঘনিষ্ঠ সংস্পর্শ থাকতে পারে এমন প্রত্যেক DHCP এবং অতিথিদের প্রতিদিনের নথি বজায় রাখুন। রোগী এবং দর্শনার্থীদের তথ্য প্রদান করতে উৎসাহিত করুন কিন্তু, সেটা বাধ্যতামূলক করবেন না এই লগের অংশ হিসেবে।
- যতটা সম্ভব দূরত্ব বজায় রেখে স্ক্রিনিং প্রক্রিয়া সম্পন্ন করুন (যেমন, টেলিফোন বা বৈদ্যুতিন সমীক্ষা মাধ্যমে) যতটা সম্ভব।
- DHCP-দের অবিলম্বে জানাতে বলুন যে তারা উপসর্গের সম্মুখীন হতে শুরু করেন কিনা, কাজের সময়ের বাইরেও।
- COVID-19 সংক্রান্ত উপসর্গগুলি সম্পর্কে সব থেকে হালনাগাদকৃত তথ্যের জন্য "করোনাভাইরাসের উপসর্গসমূহ" (Symptoms of Coronavirus) সম্পর্কে CDC এর নির্দেশিকা দেখুন।
- যে সমস্ত কর্মচারী একটি সন্দেহজনক বা নিশ্চিত COVID-19 কেসের পরে কাজে আবার যোগদান করতে চাইছেন বা যে কর্মচারী COVID-19 এর সংক্রমিত একজন ব্যক্তির ঘনিষ্ঠ সান্নিধ্যে বা কাছাকাছি এসেছেন তাদের সম্পর্কে প্রোটোকল এবং নীতিমালার জন্য DOH এর নির্দেশিকা দেখুন।
- স্ক্রিনারদের CDC, DOH, এবং OSHA প্রোটোকলগুলির সাথে পরিচিত ব্যক্তিবর্গ দ্বারা প্রশিক্ষিত হতে হবে এবং তাদেরকে, নিয়োগকারীর দেওয়া, অন্তত একটি মুখের আবরণ সহ, যথাযথ PPE পরতে হবে।